

উপদেষ্টা রাশেদা কে চৌধুরী ৬২ হাজার প্রাথমিক বিদ্যালয়কে কম্পিউটার সিস্টেমে আনা হচ্ছে

যাযাদি রিপোর্ট

দেশের ৬২ হাজার প্রাথমিক বিদ্যালয়কে কম্পিউটার ডাটাবেজ সিস্টেমের আওতায় আনা হচ্ছে। কম্পিউটার ডাটাবেজে দেশের সব প্রাথমিক বিদ্যালয় সম্পর্কে যাবতীয় তথ্য থাকবে। এছাড়া দেশের কোনো চরাকুল বা কোনো গ্রামে স্কুল না থাকলেও সে তথ্য ডাটাবেজে রাখা হবে।

গতকাল সচিবালয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২০০৭-০৮ অর্থবছরের কাজসম্পন্ন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সভায় প্রাথমিক ও গণশিক্ষা, মহিলা ও শিশু এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা রাশেদা কে চৌধুরী এ তথ্য জানান। উপদেষ্টা বৈঠকে প্রকল্পের অগ্রগতি বাড়ানো ও দুর্নীতি প্রতিরোধে ক্রাজ মনিটরিংয়ের ওপর গুরুত্বারোপ করেন। তিনি আগামী বছরের শুরুতেই

৬২ হাজার প্রাথমিক

(শেষ পৃষ্ঠার পর)

প্রাথমিক বিদ্যালয়ের বই বিতরণের জন্য এখনই প্রয়োজনীয় কাজ শুরু করার নির্দেশ দেন।

সভায় ২০০৭-০৮ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে মোট ১১টি প্রকল্পে বরাদ্দ করা ১ হাজার ৮৮৬ কোটি ৫৫ লাখ টাকার মধ্যে চলতি বছরের যে মাস পর্যন্ত ১ হাজার ৩৯২ কোটি ৭ লাখ টাকা ব্যয় হয়েছে বলে জানানো হয়। সভায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোশাররফ হোসাইন উইয়াসহ উপস্থিত কর্মকর্তারা উপস্থিত ছিলেন।